



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কৃষি মন্ত্রণালয়

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

প্রশাসন সদর দপ্তর

www.brri.gov.bd

স্মারক নম্বর: ১২.২২.০০০০.০৩২.৯৯.০০১.২২.১০৬৭

তারিখ: ৮ ভাদ্র ১৪২৯

২৩ আগস্ট ২০২২

বিষয়: কর্ম থেকে সাময়িক বরখাস্তকরণ প্রসঙ্গে।

সূত্র: জিএমপি সদর থানার স্মারক নং-৫৪৪০, তারিখঃ ১৫-০৮-২০২২, মামলা নং-৪৮, তারিখঃ ২৮-০৩-২০২২ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে আপনাকে জানানো যাচ্ছে যে, গত ইং ২৭-০৩-২০২২ তারিখ অপরাহ্নে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) গাজীপুর এর সামনে থেকে ব্রি'র পরিচালক (গবেষণা) এর দপ্তরের টিওসিতে কর্মরত সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর জনাব মোঃ আল আমিন এর ব্যক্তিগত মোটর সাইকেল ব্লু-রংয়ের ইয়ামা এফ জেট ডি-২ যাহার রেজিঃ নং-ঢাকা মেট্রো-ল-৫০-৩৬০৩ গাড়ীটি চুরি হয়। পরবর্তীতে মোঃ আল আমিন বাদী হয়ে সদর থানায় লিখিত ভাবে জানালে সদর থানার মামলা নং-৪৮, তারিখঃ ২৮-০৩-২০২২ ইং ধারা-৩৭৯ পেনাল কোড রুজু হয়। সেদিন থেকে অর্থাৎ ২৮-০৩-২০২২ তারিখ থেকে অদ্যাবধি আপনি কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত আছেন। ব্রি'র পত্র নং-১২.২২.০০০০.০৩২.৯৯.০০১.২২.৫৩১, তারিখঃ ১৯-০৪-২০২২ মোতাবেক কর্মস্থলে যোগদান পূর্বক কারণ দর্শানো নোটিশের জবাব প্রদানের জন্য পত্র প্রদান করা হলেও আপনি যোগদান করেননি। ইতিমধ্যে জয়দেবপুর জিএমপি থানায় মামলা রুজুর পর তথ্যপ্রযুক্তির মাধ্যমে কুমিল্লা জেলার ময়নামতি থানাধীন আমতলী হাইওয়ে পুলিশ ফাঁড়ীর সামনে হইতে (জনাব মোঃ আল আমিন) বাদীর বর্ণিত চুরি যাওয়া গাড়ী সহ গত ২৮-০৩-২০২২ তারিখ আসামী মোঃ আবু হানিফ (৩৪) পিতা মৃত খোরশেদ আলম, সাং-পূর্ব বেলঘর, থানা-চৌদ্দগ্রাম, জেলা-কুমিল্লাকে গ্রেফতার করে। উক্ত আসামীকে গ্রেফতারের পর আসামী বিজ্ঞ আদালতে ১৬৪ ধারায় স্বীকারোক্তি মূলক জবানবন্দী প্রদান করে। আসামী তার জবানবন্দীতে প্রকাশ করে যে, ধান গবেষণায় কর্মরত ডিজির পিএ মোঃ মোশাররফ হোসাইন উক্ত মোটর সাইকেলটি বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর হইতে চুরি করিয়া নিয়া নারায়ণগঞ্জ জেলার মদনপুর এলাকায় গত ইং ২৭-০৩-২০২২ তারিখ বিকাল বেলায় ধৃত আসামী আবু হানিফ এর নিকট ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার বিনিময়ে বিক্রয় করে। পরবর্তীতে তদন্তে প্রাপ্ত আসামী জনাব মোঃ মোশাররফ হোসাইন এর ব্যবহৃত মোবাইল নং-০১৭১৫২৫৭৩৫৯ ও ধৃত আসামী আবু হানিফ এর মোবাইল নং-০১৮১২৯২১৫৮০ এর সিডিআর পর্যালোচনায় দেখা যায় ইং ২৭-০৩-২০২২ তারিখ সকাল ০৮:২০ ঘটিকা হতে একাধিকবার তাহারা ফোন করিয়া যোগাযোগ করে এবং বিকাল ০৫:১৭ ঘটিকা হতে ০৫:৩০ ঘটিকা পর্যন্ত তদন্তে প্রাপ্ত আসামী মোঃ মোশাররফ হোসাইন এর অবস্থান নারায়ণগঞ্জ জেলার বন্দর থানাধীন মদনপুর এলাকায় দেখা যায়। পুলিশের সার্বিক তদন্তে ধৃত আসামী আবু হানিফ এর বিজ্ঞ আদালতে ১৬৪ ধারার স্বীকারোক্তি মূলক জবানবন্দী ও সাক্ষ্য প্রমাণে ঘটনার বিষয়টি সন্দেহাতীত ভাবে প্রমানিত হওয়ায় আসামী মোঃ মোশাররফ হোসাইন (৩৫) পিতা মৃত শামসুদ্দিন, মাতা-রহিমা খাতুন, সাং-দানাপাটুলী, থানা ও জেলা-কিশোরগঞ্জ ও আবু হানিফ দ্বয়ের বিরুদ্ধে আদালতে বিচারার্থে জিএমপি থানার অভিযোগ পত্র নং-২৭৪, তারিখঃ ০৬-০৮-২০২২, ধারা-৩৭৯/৪১১ পেনালকোড দাখিল পূর্বক ব্রি'কে অবহিত করেছেন।

এমতাবস্থায়, ধৃত আসামী আবু হানিফের বিজ্ঞ আদালতে ১৬৪ ধারার স্বীকারোক্তি মূলক জবানবন্দী, তথ্যপ্রযুক্তি এবং সাক্ষ্য প্রমানে ঘটনার বিষয়টি সন্দেহাতীত ভাবে প্রমানিত হওয়ায় ব্রি (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা ২০১১ এর ৩৭ (খ) (গ) ও (চ) প্রবিধির পরিপন্থী আচরণের (চুরি, আত্মসাৎ) অভিযোগে উক্ত প্রবিধানমালার ৪৩ (১) প্রবিধি মোতাবেক (পরিচালক (গবেষণা) এর দপ্তরে কর্মরত ব্রির মহাপরিচালকের একান্ত সচিব জনাব মোঃ মোশাররফ হোসাইন) আপনাকে চাকুরি হইতে সাময়িক বরখাস্ত করা হলো।

এ আদেশ ১৫-০৮-২০২২ তারিখ হতে কার্যকর হবে। তিনি বিধি মোতাবেক খোরা কি ভাতা প্রাপ্য হবেন।



৩১-৮-২০২২

ড. মো: শাহজাহান কবীর

মহাপরিচালক (চলতি দায়িত্ব)

ফোন: ৪৯২৭২০০৫-৯, ৪৯২৭২০৪০

ফ্যাক্স: ৪৯২৭২০০০

ইমেইল: dg@brrri.gov.bd

জনাব মোঃ মোশাররফ হোসাইন, মহাপরিচালকের একান্ত সচিব, পরিচালক (গবেষণা) এর দপ্তর, ব্রি।

স্থায়ী ঠিকানাঃ পিতা-মোঃ শামছউদ্দিন, মাতা-রহিমা খাতুন, গ্রাম-দানাপাটুলী, ডাকঘর-গচিহাটা, ওয়ার্ড নং-০৯, উপজেলা-কিশোরগঞ্জ সদর, জেলা-কিশোরগঞ্জ, মোবাইল নম্বর-০১৭১৫২৫৭৩৪৯, ই-মেইল-

mahfujahmed71@gmail.com

স্মারক নম্বর: ১২.২২.০০০০.০৩২.৯৯.০০১.২২.১০৬৭/১(৭)

তারিখ: ৮ ভাদ্র ১৪২৯

২৩ আগস্ট ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (গবেষণা) (চলতি দায়িত্ব), গবেষণা উইং, ব্রি।
- ২) উপ-পরিচালক (অর্থ ও হিসাব), অর্থ ও হিসাব শাখা, ব্রি।
- ৩) সিনিয়র সহকারী পরিচালক (প্রশাসন) (চলতি দায়িত্ব), প্রশাসন বিভাগ, ব্রি।
- ৪) মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, ব্রি।
- ৫) পিএ, পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) এর দপ্তর, ব্রি।
- ৬) আইসিটি সেল।
- ৭) সংশ্লিষ্ট নথি।



৩১-৮-২০২২

ড. মো: শাহজাহান কবীর

মহাপরিচালক (চলতি দায়িত্ব)